দৈনিক সংবাদ

তারিখ 31 OCT 1995

পৃষ্ঠা ২ কলাম ৭

270

## ঢাঃ বিঃ নয়া লাইব্রেরি ভবনের উদ্বোধন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরি আধুনিকীকরণ উপলক্ষে লাইব্রেরি ভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে কেন্দ্রীয় লাইব্রেরিতে কম্পি-উটারের ব্যবহার, লাইব্রেরি ভবনে শীতাতপ নিয়ন্ত্রণের ব্যবস্থা এবং বর্ধিত নতুন ভবনের উদ্বোধন ঘোষণা করেন ঢাকা বিশ্ববিদ্যা-লয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দীন আহমেদ।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক শহীদ উদ্দীন আহমেদ, কোষাধ্যক্ষ এম, শামসুল হক, কেন্দ্রীয় গ্রন্থাগারের ভারপ্রাপ্ত গ্রন্থাগারিক অধ্যাপক মোফাখ্খারুল ইসলাম প্রমুখ।

### শিক্ষা গবেষণা ইন্সটিটিউটের সভা

গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউট চত্বরে ইন্সটিটিউটের সাধারণ ছাত্রছাত্রীদের উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হয়।

সভায় অবিলম্বে আই,ই,আর ছাত্র সংসদ নির্বাচনের তারিখ ঘোষণা, সকল ছাত্রছাত্রীর বৃত্তির ব্যবস্থা এবং পুলিশ কর্তৃক জনৈক ছাত্রীকে কটূক্তির বিচারের দাবিতে আজ মঙ্গলবার থেকে লাগাতার পাঁচ দিনের ছাত্র ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করা হয়।

সভায় সভাপতিত্ব করেন ছাত্র সংসদের এ,জি,এস আরমান রফিক। খবর সংবাদ বিজ্ঞপ্তির।